গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

মুজিব MUJIB বর্ষ 100

## মার্চ-২০২২ মাসের রৌমারী উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শেখ আব্দুল্যাহ্<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | ঃ | ২৮/০৩/২০২২খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার উপস্থিতি | ঃ | হাজিরা খাতায় সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নিম্নোক্ত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয়ঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পর্কে আলোচনা।
৩। বিবিধ।

১নং আলোচ্য বিষয়ে সভায় পূর্ব সভার সিদ্ধান্ত পাঠ করা হয়। উক্ত সিদ্ধান্তসমূহে কোন সংযোজন/বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২নং আলোচ্য বিষয়ে সকল সরকারি দপ্তর প্রধানগণের নিকট তাদের দপ্তরের জরুরী ও গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পর্কে জানতে চাইলে সকলে জানান যে, বর্তমান সময়ে কোন গুরুত্বপূর্ণ কার্যাবলী চলমান নেই।

৩নং বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি, জানান যে, উপজেলা পরিষদ জামে মসজিদের পশ্চিম পার্শ্বের পুকুর এবং উপজেলা পরিষদ সুপার মার্কেটের পিছনের পুকুর ইজারার মেয়াদ ১৪২৮ বাংলা সনে শেষ হবে। পুনরায় ১লা বৈশাখ ১৪২৯ বাংলা সন হতে ৩০ চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিগণের সাথে যোগাযোগ করা হলে জনাব মোঃ শাহাজামাল, পিতাঃ মৃত আব্দুল মজিদ, গ্রামঃ মির্জাপাড়া, ডাকঘরঃ রৌমারী, উপজেলাঃ রৌমারী, জেলাঃ কুড়িগ্রাম প্রতি বৎসর ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা হারে ইজারা গ্রহণে সম্মত হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদ জামে মসজিদের পশ্চিম পার্শ্বের পুকুর এবং উপজেলা পরিষদ সুপার মার্কেটের পিছনের পুকুর ১লা বৈশাখ ১৪২৯ বাংলা সন হতে ৩০ চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে জনাব মোঃ শাহাজামাল, পিতাঃ মৃত আব্দুল মজিদ, গ্রামঃ মির্জাপাড়া, ডাকঘরঃ রৌমারী, উপজেলাঃ রৌমারী, জেলাঃ কুড়িগ্রাম এর অনুকূলে প্রতি বৎসর ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা হারে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো এবং তা অনুমোদন করা হলো।

বাস্তবায়নেঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার, সভায় জানান যে, ১৪২৯ বাংলা সনে রৌমারী উপজেলাধীন হাট বাজারসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে ০৩ দফায় ৩,৫০,৪০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার চারশত) টাকা ইজারা দরপত্র সিডিউল বিক্রয় করা হয় এবং দরপত্র বিক্রয়লব্দ অর্থ নীতিমালা অনুযায়ী সরকারি খাতে জমা করা হয়েছে। সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি ও উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার ২। ২.৪ অনুযায়ী "হাট-বাজারের প্রাপ্ত ইজারামূল্য হইতে ইজারাজনিত খরচ (সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল, আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি) নির্বাহ করার জন্য রাজস্ব বাজেটে ব্যবস্থা রাখিতে হইবে (খাস আদায় ব্যতীত) সিডিউল বিক্রির অর্থ সরকারি খাতে জমা প্রদান করিতে হইবে।" শীর্ষক নীতিমালার আলোকে হাট বাজার ইজারাজনিত খরচ বাবদ ২,৬১,৫০৫/- (দুই লক্ষ একষট্টি হাজার) টাকা এবং দুইটি পত্রিকার বিল বাবদ (৩২,৮৯০+৩৩,১২০) = ৬৬,০১০/- (ছিষট্টি হাজার দশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০২

CamScanner

সিদ্ধান্ত ঃ ১। হাট বাজার ইজারাজনিত খরচ ও সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় অনুমোদন করা হলো।

বাস্তবায়নে ঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার, সভায় জানান যে, ১৪২৯ বাংলা সনে রৌমারী উপজেলাধীন ১৭টি হাট বাজার ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহবানসহ সকল কার্যাদি সম্পাদন করা হয়েছে। ০৩(তিন) দফায় গত দাখিলকৃত দরপত্রসমূহের মধ্য হতে ১৪টি হাটের দর সরকারি মূল্যের চেয়ে বেশি হওয়ায় ১ম দরদাতাগণের অনুকূলে ইজারা প্রদানের জন্য দরপত্র মূল্যায়ণ কমিটি সুপারিশ করেন এবং অবশিষ্ট ০৩(তিন)টি হাট বাজার খাস আদায় কার্যক্রম পরিচালনার সুপারিশ করেছেন। উক্ত সুপারিশের প্রেক্ষিতে তা অনুমোদনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১৪২৯ বাংলা সনে রৌমারী উপজেলাধীন ১৪ (চৌদ্দ)টি হাট বাজার সর্বোচ্চ দরদাতাগণের অনুকূলে ইজারা প্রদানের জন্য দরপত্র মূল্যায়ণ কমিটির সুপারিশের প্রেক্ষিতে উহা অনুমোদন করা হলো এবং অবশিষ্ট ০৩(তিন)টি হাট বাজার খাস আদায় কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন করা হলো।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
২। সহকারী কমিশনার (ভূমি), রৌমারী, কুড়িগ্রাম।

বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়ণে নিম্নোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন-

| ক্র: নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ | তহবিল | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ চত্বরে মাটি ভরাট, বৃক্ষরোপন ও লাইটিংকরণ। | ২,০০,০০০/- | উপজেলা পরিষদ উন্নয়ন | পিআইসি |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উপরোক্ত প্রকল্পটি সংশ্লিষ্ট খাত হতে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে ঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী উপজেলা পরিষদের নিম্নোক্ত বিলসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

১। মার্চ-২০২২ মাসের আপ্যায়ন বিল ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।
২। মার্চ-২০২২ মাসের আনুসাঙ্গিক বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৩। মার্চ-২০২২ মাসের ১৭টি কমিটির আপ্যায়ন বিল ৮,০০০/- (আট হাজার) টাকা।
৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের ৮(ঘ) নং বাসার মেরামত কাজ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।
৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে নটান পাড়া খালেকের বাড়ির পাশে ব্রীজের দুই পাশে মাটি ভরাট বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।
৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ছ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের জন্য ২টি হটনট সরবরাহ বাবদ ২০,৪০০/- (বিশ হাজার চারশত) টাকার বিল পরিশোধ।
৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ড) নং অনুচ্ছেদের আলোকে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স চত্বরের চারপাশের আবর্জনা পরিষ্কার বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার বিল পরিশোধ।
৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ম) নং অনুচ্ছেদের আলোকে ১৪২৯ বাংলা সনের হাট বাজার ইজারার সময় আনসার সদস্যদের পারিশ্রমিক বাবদ ৭,০০০/- (সাত হাজার) টাকার বিল পরিশোধ।
৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (খ) নং অনুচ্ছেদের আলোকে ২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকা উত্তোলন।
১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ট) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা হিসাবরক্ষণ অফিসের ওয়াসরুমের ২টি বেসিন ও অন্যান্য মেরামত বাবদ ১৫,৫২৫/- (পনের হাজার পাঁচশত পঁচিশ) টাকা উত্তোলন।

১১। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকার নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উত্তোলন।

১২। দাঁতভাঙ্গা ইউনিয়নের টাপুরচর হতে দাঁতভাঙ্গা ডিসি সড়কের গাছ বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি বাবদ দৈনিক আমার সংবাদ পত্রিকার অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (চ) নং অনুচ্ছেদের আলোকে ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা পরিশোধ।

১৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (খ) নং অনুচ্ছেদের আলোকে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা উত্তোলন।

১৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে চান্তাবাড়ী সোনাভরি নদীর উপর বাঁশের সাঁকো নির্মাণ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল পরিশোধ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/৩/২২

(শেখ আব্দুল্লাহ্)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
রৌমারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

স্মারক নং ০৫.৪৭.৪৯৭৯.০০০.০৩.০১১.১৯- ৬০৬ তারিখঃ ২৮/০৩/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জনাব মোঃ জাকির হোসেন, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।

৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।

৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।

৮। উপজেলা................................................................. কর্মকর্তা/অফিসার ইনচার্জ, রৌমারী থানা, রৌমারী, কুড়িগ্রাম।

৯। চেয়ারম্যান, দাঁতভাঙ্গা/শৌলমারী/বন্দবেড়/রৌমারী/যাদুরচর/চর শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম।

১০। ................................................................................. রৌমারী, কুড়িগ্রাম।

১১। অফিস কপি।

২৮/০৩/২২

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
রৌমারী, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৮-৫৬০০১
ফ্যাক্স ঃ ০৫৮২৮-৫৬০০৭
ইমেইল ঃ unorowmari@mopa.gov.bd

CamScanner